

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৭৬৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৩৪]

২২। क्य-विक्य (کتاب البیوع)

পরিচ্ছেদঃ ১৪. শুকনা খেজুরের বিনিময়ে তাজা খেজুর বিক্রি করা হারাম কিন্তু আরায়া হারাম নয়

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، أَخْبَرَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنِ الزُّهْرِيِّ، ح وَحَدَّثَنَا ابْنُ، نُمَيْرٍ وَزُهَيْرُ بْنُ حَرْبٍ _ وَاللَّفْظُ لَهُمَا _ قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، حَدَّثَنَا الزُّهْرِيُّ، عَنْ سَالِمٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهَى عَنْ بَيْعِ التَّمَرِ حَتَّى يَبْدُو صَلاَحُهُ وَعَنْ بَيْعِ التَّمَرِ حَتَّى يَبْدُو صَلاَحُهُ وَعَنْ بَيْعِ التَّمَرِ بِالتَّمْرِ .

বাংলা

৩৭৬৭-(৫৭/১৫৩৪) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া, ইবনু নুমায়র ও যুহায়র ইবনু হারব (রহঃ) ভিন্ন সূত্রে ইবনু উমার (রাযিঃ) সূত্রে নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত যে, খাওয়ার যোগ্য হওয়ার আগে তা বিক্রি করতে নিষেধ করেছেন এবং শুকনা খেজুরের বিনিময়ে রসালো তাজা খেজুর বিক্রি করতে নিষেধ করেছেন। (ইসলামিক ফাউন্ডেশন ৩৭৩২, ইসলামিক সেন্টার ৩৭৩২)

English

Ibn Umar (Allah be pleased with them) reported Allah's Apostle (ﷺ) forbidding the sale of fruits until their good condition becomes evident and the purchase of dates for dates.

ফুটনোট

[আরায়া হলো, বাগানের মালিক কিছু গাছ কোন গরীবকে প্রদান করল। সে গাছগুলোতে তাজা রসালো খেজুর রয়েছে। এমতাবস্থায় সে গরীব লোকটির দ্বারা বাগানের মালিক বা অন্য কারো কাছে শুকনা খেজুরের বিনিময়ে গাছের তাজা খেজুর বিক্রি করে দেয়াকে আরায়া' বলে। এটা জয়েয, তবে তা ৫ ওয়াসাক বা ১৮ মণ ৩০ কেজির বেশি হতে পারবে না। (সহীহ মুসলিম- শরহে নাবাবী, ২য় খণ্ড, ৮ পৃঃ)]



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন